



## মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড বরিশাল

স্মারক নং বশিবো/কলেজ/অনুঃ/২০১৪/ ৫৭৭১

তারিখ: ২২/১২/২০১৪খ্রি.

**বিষয় : তথ্য ও যোগাযোগ প্রযুক্তি এবং সমাজকর্ম বিষয়ের পাঠদানের অনুমতির মেয়াদ বৃদ্ধি**

**সূত্র : কলেজের স্মারক নং- পূ:হো:মহা:বি: ৫৭/১৪, তারিখ- ২৩/০৯/২০১৪খ্রি.**

উপরিউক্ত বিষয় ও সূত্র মোতাবেক এ বোর্ডের চেয়ারম্যান মহোদয়ের ২৬/১১/২০১৪ তারিখের নির্দেশক্রমে জানাচ্ছি যে, পূর্ব হোসনাবাদ মহাবিদ্যালয়, ডাক: গাছুয়া, উপজেলা: মুলাদী, জেলা: বরিশাল-এর উচ্চমাধ্যমিক পর্যায়ে নিম্নবর্ণিত শর্তাবলী পূরণ সাপেক্ষে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি এবং সমাজকর্ম বিষয়ের পাঠদানের অনুমতির মেয়াদ ০১/০৭/২০১৪ হতে ৩০/০৬/২০১৫খ্রি. পর্যন্ত ০১(এক) শিক্ষা বছরের জন্য বৃদ্ধি করা হলো।

উক্ত বিষয়ের পাঠদানের অনুমতির মেয়াদ বৃদ্ধির সময়সীমা অতিক্রান্ত হওয়ার পর পুনরায় মেয়াদ বৃদ্ধি করা না হলে পাঠদানের অনুমতি স্বয়ংক্রিয়ভাবে বাতিল হয়ে যাবে এবং এতদসংক্রান্ত যাবতীয় কার্যাবলী পরিচালনা থেকে বারিত হবে।

### শর্তাবলী

- ০১। প্রতি শিক্ষাবর্ষে প্রতি বিষয়ে ন্যূনতম ২৫(পঁচিশ) জন করে শিক্ষার্থী ভর্তি করতে হবে এবং ৭৫% পরীক্ষায় অংশগ্রহণ করে কমপক্ষে এর ৫০% পাস করতে হবে
- ০২। জনবল কাঠামো ২০১০ এর অতিরিক্ত শিক্ষক-কর্মচারী নিয়োগ করা যাবে না এবং নিবন্ধনধারী/ইনডেক্সধারী শিক্ষক নিয়োগ করতে হবে
- ০৩। কলেজের আসবাবপত্র বৃদ্ধি করাসহ প্রয়োজনীয় যন্ত্রপাতি ক্রয় করতে হবে
- ০৪। টিউটোরিয়াল ক্লাস ও পরীক্ষার ব্যবস্থা করতে হবে এবং এর লিখিত রেকর্ডপত্র সংরক্ষণ করতে হবে
- ০৫। কলেজে আলাদা গ্রন্থাগার নির্মাণ করে তাতে প্রয়োজনীয় সংখ্যক পাঠ্যপুস্তক ও সাহায্যকারী পুস্তক-এর সংখ্যা বাড়াতে হবে
- ০৬। সর্বশেষ বিধি মোতাবেক শিক্ষক-কর্মচারীদের কলেজে উপস্থিতি নিশ্চিত করতে হবে
- ০৭। শিক্ষা বোর্ড কর্তৃপক্ষ কর্তৃক যে কোন সময়ে কলেজটি আকস্মিক পরিদর্শনের নিমিত্তে প্রস্তুত থাকতে হবে
- ০৮। কলেজের সংরক্ষিত ও সাধারণ তহবিলে কাম্য পরিমাণ অর্থ সংরক্ষণ করতে হবে
- ০৯। বোর্ড কর্তৃপক্ষ যেকোন সময় এ আদেশ প্রত্যাহার বা স্থগিত করতে পারবে

২২.১২.১৪  
ড. মোঃ লিয়াকত হোসেন # ৯৫১১  
কলেজ পরিদর্শক  
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড  
বরিশাল  
ফোন: ০৪৩১-৬৪৭৪৫  
২৪/১২/১৪

অধ্যক্ষ

পূর্ব হোসনাবাদ মহাবিদ্যালয়  
ডাক: গাছুয়া, উপজেলা: মুলাদী,  
জেলা: বরিশাল

সদয় অবগতি ও কার্যার্থে অনুলিপি

- ২। সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- ৩। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা
- ৪। পরীক্ষা নিয়ন্ত্রক, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, বরিশাল
- ৫। সংরক্ষণ নথি